# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

## Date: 22.08.2024 Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবর –

১) আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালে তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুনের স্বতঃপ্রণোদিত মামলায় সুপ্রিম কোর্ট আজও আন্দোলনরত ডাক্তারদের কাজে ফেরার আবেদন জানিয়েছে।

সিবিআই-কে ফের মুখবন্ধ খামে তদন্তের অগ্রগতি নিয়ে স্টেটাস রিপোর্ট জমা দিতে বলা হয়েছে।

২) শীর্ষ আদালতের আবেদনে সাড়া দিয়ে এইমস্-এর রেসিডেন্টস্ ডাক্তারা কর্ম বিরতি প্রত্যাহার করে নিলেও আর জি কর-এর আন্দোলনকারীরা এখনও ধর্মঘট চালিয়ে যাচ্ছে।

৩) বিজেপি আগামীকাল রাজ্যের সব থানা ঘেরাও করে বিক্ষোভ দেখাবে। দলের স্বাস্থ্যভবন অভিযানকে কেন্দ্র করে ধুন্ধুমার কান্ড বাধে।

৪) ধর্ষণের ঘটনায় দোষীদের দ্রুত গ্রেফতারের দাবিতে মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীকে চিঠি দিয়েছেন।

৫) প্রয়াত প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের স্মরণসভায় আজ তাঁর স্মৃতিতে শ্রদ্ধা জানানো হয়।

৬) মোহনবাগান সুপার জায়েন্ট আগামীকাল ডুরান্ড কাপ ফুটবলের কোয়ার্টার ফাইনাল ম্যাচে পাঞ্জাব এফ সি-র মুখোমুখি হবে।

oooooooooooooooooooo

আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালে তরুণী চিকিৎসক পড়ুয়ার ধর্ষণ ও খুনের স্বতঃপ্রণোদিত মামলায় সুপ্রিম কোর্ট, শুনানির দ্বিতীয় দিনেও আন্দোলনরত ডাক্তারদের কাজে ফেরার আবেদন জানিয়েছে। প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় আজ এই আবেদন জানিয়ে বলেন, তাদের কর্মবিরতি, সরকারি হাসপাতালে চিকিৎসার প্রয়োজনে আসা বহু মানুষকে সমস্যায় ফেলেছে। কাজে যোগ দিলে প্রতিবাদীদের বিরুদ্ধে কোনো রকম শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া যাবে না বলেও নির্দেশ দিয়েছেন তিন বিচারপতির বেঞ্চ।

এদিকে সলিসিটার জেনারেল তুষার মেহতা এবং রাজ্যের কৌঁসুলী কপিল সিবালের মধ্যে উত্তপ্ত বাক্য বিনিময়ের জেরে প্রধান বিচারপতি চন্দ্রচূড়, কেন্দ্র এবং রাজ্য সরকারের আইনজীবীদের চিকিৎসকের খুন ও ধর্ষণের ঘটনাটির রাজনীতিকরণ না করার আবেদন জানান। বেঞ্চ বলেন, চিকিৎসকদের কল্যাণ ও সুরক্ষা নিয়ে তারা উদ্বিগ্ন। শুধু নীতি নির্দেশিকা স্থির করা নয়, সেগুলি যাতে বলবত্ হয় তাও নিশ্চিত করবে জাতীয় টাস্কফোর্স।

শুনানির সময় সলিসিটার জেনারেল তুষার মেহতা বলেন, ঘটনাটি ঘটে যাওয়ার পাঁচ দিন পর সিবিআই যখন যায়, তখন সবকিছু বদলে গেছে। পাল্টা রাজ্যের তরফে আইনজীবী কপিল সিবাল দাবি করেন, কিছুই বদলে যায়নি, সবকিছুরই ভিডিওগ্রাফি রয়েছে। প্রধান বিচারপতি বলেন, ৯ ই আগস্ট চিকিৎসকের মৃত্যুর খবর পুলিশকে জানানো হয় সকাল ১০ টা ১০-এ এবং ঘটনাস্থল ঘেরা হয় রাত সাড়ে ১১ টায়। এই বিষয়টি গভীর উদ্বেগের। এতটা সময় সেখানে কি হয়েছিল, সেই প্রশ্ন তোলেন তিনি। ময়নাতদন্তের রিপোর্টও দেখতে চান।

অস্বাভাবিক মৃত্যুর মামলা কখন রুজু করা হয়, তা নিয়ে বিভ্রান্তি দেখা দেয়। রাজ্যের তরফে জানানো হয়, দুপুর ১ টা ৪৫-এ মামলা রুজু করা হয়েছে। কিন্তু কেস ডায়েরির উল্লেখ করে প্রধান বিচারপতি বলেন, এখানে স্পষ্ট লেখা হয়েছে, রাত ১১ টা ৩০-এ অস্বাভাবিক মৃত্যুর মামলা দায়ের হয়েছিল।

সিবিআই-কে ফের মুখবন্ধ খামে তদন্তের অগ্রগতি নিয়ে স্টেটাস রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দিয়েছেন বেঞ্চ। চিকিৎসকদের নিরাপত্তা রক্ষায় রাজ্যকে প্রয়োজনীয় পদক্ষেপ করতে হবে। সেপ্টেম্বরে মামলার পরবর্তী শুনানির দিন ধার্য হয়েছে।

এদিকে শীর্ষ আদালতের আবেদনে সাড়া দিয়ে নতুন দিল্লীর এইমস- ও ইন্দিরা গান্ধী হাসপাতালের রেসিডেন্ট ডক্টরর্স অ্যাসোসিয়েশন, আজ ১১ দিন ধরে চলা তাদের কর্মবিরতি প্রত্যাহার করে নিয়েছে ।তবে আর জি করের আন্দোলনকারীরা এখনও ধর্মঘট চালিয়ে যাচ্ছেন।

জয়েন্ট প্ল্যাটফর্মস্ অফ ডক্টর্স ও, আর জি কর-এর জুনিয়ার ডাক্তারদের ধর্মঘটকে আবারও সমর্থন জানিয়েছে। সংগঠনের পক্ষ থেকে আজ এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, তাদের বেশকিছু চাহিদা এখনও পুরণ করা হয়নি।

০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, সুপ্রিম কোর্টের আজকের পর্যবেক্ষণ, গোটা চিকিৎসক সমাজই শুনেছে। জুনিয়ার ডাক্তাদের আন্দোলনের জেরে পরিষেবা ব্যাহত ও রোগীদের কষ্ট হলেও তারা নিরুপায় হয়েই আন্দোলনে নেমেছে বলে তিনি উল্লেখ করেন। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে অধীরবাবু বলেন, এই ঘটনার প্রেক্ষিতে রোগীরাও ডাক্তারদের নিরাপত্তা চাইছেন।

(বাইট - অধীর)

এদিকে, সি পি আই এম-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম বলেছেন, আর জি কর-এ ওই চিকিৎসকের প্রতি যে অন্যায় হয়েছে, তার জন্যই মানুষ পথে নেমেছে। এই অন্যায় শেষ হওয়া দরকার।

(বাইট – সেলিম)

০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ ডক্টর সন্দীপ ঘোষের বিরুদ্ধে আর্থিক অনিয়মের তদন্ত, চিকিৎসক ধর্ষণ ও খুনের ঘটনার পর কেন শুরু করল সিট, কলকাতা হাইকোর্ট তা নিয়ে প্রশ্ন তুলেছে। হাসপাতালের প্রাক্তন ডেপুটি সুপার আখতার আলির আবেদনের শুনানিতে আজ বিচারপতি রাজর্ষি ভরদ্বাজ জানতে চান, সন্দীপ ঘোষের বিরুদ্ধে রাজ্যের কর্তৃপক্ষের কাছে বহু অভিযোগ জমা পড়া সত্ত্বেও ৯ ই আগস্ট তরুণী চিকিৎসক পড়ুয়ার ধর্ষণ ও খুনের ঘটনা প্রকাশ্যে আসার পর ১৬ ই আগস্ট কেন বিশেষ তদন্তকারী দল গঠন করা হল। আখতার আলির দাবি, সন্দীপ খুবই ক্ষমতাবান ব্যক্তি। রাজ্য প্রশাসনের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ থাকায়, বারবার নানা দুর্নীতি করেও পার পেয়েছেন তিনি। রাজ্যের তরফে আইনজীবী প্রশ্ন তোলেন, পুলিশে অভিযোগ দায়ের করার মাত্র একদিন পরেই তাদের ব্যবস্থা গ্রহণের কোনো সুযোগ না দিয়ে, আদালতের দ্বারস্থ হওয়া আখতার আলির উচিত হয়েছে কিনা। এর জবাব দেওয়ার জন্য তাঁর আইনজীবীকে সময় দিয়েছে আদালত। আগামীকাল ফের মামলাটির শুনানি হবে।

oooooooooooooooooooooo

বিজেপি আগামীকাল রাজ্যের সব থানা ঘেরাও করে বিক্ষোভ দেখাবে। আর জি কর-এর ঘটনার প্রতিবাদে স্বাস্থ্য ভবন অভিযানে আটক বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বিধাননগর থানা থেকে ছাড়া পেয়ে সাংবাদিকদের প্রশ্নে উত্তরে একথা জানান। তিনি বলেন, বিজেপি কর্মীরা কোনভাবে প্ররোচনা দেয়নি। তাদের হাতে লাঠি বা কোন অস্ত্র ছিল না। তা সত্ত্বেও পুলিশ তাদের আটক করে।

(বাইট – শুভেন্দু)

বর্বরোচিত আক্রমণ এবং স্বাস্থ্য ভবনে ঢুকতে বাধা দেওয়ার প্রতিবাদে আগামীকাল রাজ্য জুড়ে শান্তিপূর্ণভাবে বিক্ষোভ ও থানা ঘেরাও কর্মসূচী পালিত হবে। পাশাপাশি শ্যামবাজারেও দলের ধর্না চলবে।

পরবর্তী যাবতীয় কর্মসূচী রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার ঘোষণা করবেন বলেও শুভেন্দুবাবু উল্লেখ করেন।

আগেই জানানো হয়েছে, বিজেপির স্বাস্থ্য ভবন অভিযান ঘিরে আজ ব্যাপক উত্তেজনা তৈরি হয়। উল্টোডাঙ্গার হাডকো থেকে মিছিল শুরু হয়ে করুণাময়ীর কাছে পুলিশের ব্যারিকেড ভেঙে এগোনোর চেষ্টা করলে পুলিশের সঙ্গে বিজেপি কর্মী-সমর্থকদের, ধস্তাধস্তি বাধে।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য, রাজ্য সাধারণ সম্পাদক জগন্নাথ চট্টোপাধ্যায় সহ বিজেপির বেশ কয়েকজন নেতাকে পুলিশ আটক করে বিধান নগর থানায় নিয়ে যায়।

শুভেন্দুবাবু বলেন, এই আন্দোলন কোন ব্যক্তি, রাজনৈতিক দল বা সংগঠনের মধ্যে সীমাবদ্ধ নয়,  রাজ্যের প্রতিটি ঘরে এই  আন্দোলন হচ্ছে। তবে সব ব্যারিকেড অতিক্রম করে বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার সহ দলের রাজ্য নেতৃত্ব স্বাস্থ্য ভবনের সামনে পৌঁছে যান। রাস্তায় বসে তাঁরা বিক্ষোভ দেখান । মুখ্যমন্ত্রী ও কলকাতা পুলিশ কমিশনারের পদত্যাগের দাবি জানান সুকান্তবাবু।

অন্যদিকে বিরোধী দলনেতাকে আটক করার প্রতিবাদে বিধাননগর পূর্ব থানার বাইরে বিক্ষোভে সামিল হন বিজেপি কর্মী – সমর্থকরা।

শিলিগুড়ি মহকুমা পরিষদেও বিজেপি-র ঘেরাও অভিযানকে ঘিরে ধুন্ধুমার কান্ড বাধে। বাঘাযতীন পার্ক থেকে মিছিল মহকুমা পরিষদে ঢুকতেই পুলিশ তাদের বাধা দেয়। দু-পক্ষের মধ্যে ব্যাপক ধস্তাধস্তি বাধে। সেই সময় এক মহিলা পুলিশ কর্মী রাস্তায় পড়ে যান। তার সহকর্মীরা তাঁকে সেখান থেকে বের করে নিয়ে যায়। মহকুমা পরিষদের মূল গেট পুলিশ আটকে রাখলেও কাঁচ ভেঙে সেখানে প্রবেশের চেষ্টা করে

বিজেপি কর্মী-সমর্থকরা। কারো কারোর হাত কেটে যায়। গেটের সামনে বসে বিক্ষোভ দেখান কর্মী- সমর্থকেরা।

এদিকে, তৃণমূল কংগ্রেস বিজেপি-র এই স্বাস্থ্য ভবন অভিযানকে উদ্দেশ্যপ্রণোদিত বলে মন্তব্য করেছেন। দলের নেতা কুনাল ঘোষ, সাংবাদিকদের বলেন, এই ধরনের অভিযানের মধ্য দিয়ে বিজেপি সস্তার রাজনীতি করছে।

(বাইট - কুনাল)

ooooooooooooooooooooooooo

আর জি কর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে পড়ুয়া চিকিৎসককে ধর্ষন করে খুনের ঘটনায় যুক্ত দোষীদের দ্রুত শাস্তির দাবিতে আজ কলকাতা প্রেস ক্লাবের তরফে সংঘ ময়দানে একটি প্রতিবাদ কর্মসূচী পালন করা হয়। নিগৃহীতার স্মরনে সদস্যরা নীরবতা পালনের পরে মোমবাতি জ্বালিয়ে তার প্রতি শ্রদ্ধা জানান।

আরজি কর হাসপাতালের ঘটনার প্রতিবাদে প্রেসিডেন্সির ছাত্র সংহতি মঞ্চের আহ্বানে প্রেসিডেন্সির মেন গেটের বাইরে আজ প্রতীকী অবস্থান শুরু হইয়েছে ।এই ছাত্র সংহতি মঞ্চের সহায়তায় রয়েছে প্রেসিডেন্সির সকল শিক্ষক, গবেষক এবং শিক্ষাকর্মীবৃন্দ।

অবস্থান মঞ্চে বক্তব্য রাখেন স্ট্যাটিসটিক্স ডিপার্টমেন্টের অধ্যাপক সৌরভ দে,

পারফর্মিং আর্টস ডিপার্টমেন্টের অধ্যাপিকা দেবারতি চক্রবর্তী, সোসিওলজি ডিপার্টমেন্টের অধ্যাপিকা নবমিতা দাস, পারফর্মিং আর্টস ডিপার্টমেন্টের বিভাগীয় প্রধান অধ্যাপক নীলাদ্রি রায়।

বক্তব্য রাখেন জিওগ্রাফি ডিপার্টমেন্টের অধ্যাপক ধীরাজ বর্মণ, দর্শন বিভাগের অধ্যাপক মনোরঞ্জন প্রসাদ সিং।

ooooooooooooooooooooo

ধর্ষনের ঘটনায় দোষীদের দ্রুত গ্রেপ্তার ও পনেরো দিনের মধ্যে বিচার প্রক্রিয়া শেষ করে তাদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি প্রধানমন্ত্রী নরেন্দ্র

মোদীকে আজ চিঠি দিয়েছেন। মুখ্যমন্ত্রীর প্রধান উপদেষ্টা আলাপন বন্দ্যোপাধ্যায় নবান্নে এক সাংবাদিক বৈঠকে এই চিঠির কথা উল্লেখ করেন।

তিনি জানান, দেশের বিভিন্ন জায়গায় প্রতিদিন প্রায় ৯০টি করে ধর্ষনের ঘটনা ঘটছে বলে মুখ্যমন্ত্রী চিঠিতে উল্লেখ করেছেন এই ধরনের ঘটনায় দ্রুত বিচার প্রক্রিয়া শেষ করার জন্যে বিশেষ ফাস্ট ট্র্যাক আদালত তৈরির প্রস্তাব দিয়েছেন মুখ্যমন্ত্রী। মহিলাদের নিরাপত্তা সুনিশ্চিত করতে সকল্ কে একসঙ্গে দায়িত্ব নিয়ে সমাজের এই অভিশাপ বন্ধ করতে হবে বলেও মুখ্যমন্ত্রীর চিঠিতে উল্লেখ করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

পরিষদীয় রাজনীতিতে কোনো অশালীন আচার অনুষ্ঠানের সঙ্গে রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের কোনো সম্পর্ক ছিল না বলে প্রবীণ সিপিআইএম নেতা ও বামফ্রন্টের চেয়ারম্যান বিমান বসু মন্তব্য করেছেন।কলকাতায় আজ রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী ও কমিউনিস্ট নেতা বুদ্ধদেব ভট্টাচার্যের স্মরণসভায় একথা বলেন। বর্তমানে রাজনীতিতে যে ধরনের ভাষার ব্যবহার হচ্ছে তার কঠোর সমালোনা করে বিমানবাবু বলেন, অশালীন ভাষা ব্যবহার বুদ্ধবাবু কখনই তাঁর বক্তব্য বা লেখায় করেন নি।

(বাইট – বিমান)

পাশাপাশি সাংগঠনিক কাজে বুদ্ধবাবু যে কখনও তাঁর দায়িত্ব থেকে বিচ্যুত হন নি সে কথা উল্লেখ করে বিমান বাবু , কলকাতা বইমেলা কে আন্তর্জাতিক স্তরে নিয়ে যাওয়ার জন্য প্রাক্তন মুখ্যমন্ত্রীর অবদানের কথা ও স্মরন করেন।

স্মরণ সভায় যোগ দেওয়ার কথা থাকলেও শারীরিক অসুস্থতার কারণে সশরীরে উপস্থিত না থাকতে পারলেও দলের সাধারণ সম্পাদক সীতারাম ইয়েচুরি তাঁর ভিডিও বার্তায় বলেন, এরাজ্যের শিল্পায়নে সঠিক দিশা দেখিয়েছিলেন বুদ্ধবাবু। তা বাস্তবায়িত হলে এরাজ্যের যুবকদের বাইরের রাজ্যে যাওয়ার প্রয়োজন হত না।

রাজ্যের প্রাক্তন স্বাস্থ্য মন্ত্রী ও সিপিআইএম এর পলিটব্যুরোর সদস্য ডাক্তার সূর্যকান্ত মিশ্র বুদ্ধবাবুর সঙ্গে তাঁর বিভিন্ন ঘটনার কথা স্মরণ করেন।

সিপিআইএম এর পলিটব্যুরোর সদস্য ও রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম বলেন, বুদ্ধবাবু রাজ্যকে গড়ে তুলতে চেয়েছিলেন। তিনি তাঁর ভাবনায় বেঁচে থাকবেন, তাঁর স্বপ্নকে রূপায়িত করতে লড়াই জারি থাকবে।

স্মরণ সভায় সিপিআইএম সহ বামফ্রন্টের শরিক দলের নেতৃবৃন্দ, ফ্রন্টের বাইরে বাম দলের নেতৃবৃন্দ, কংগ্রেসের প্রদীপ ভট্টাচার্য , আব্দুল মান্নান সহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

শোক প্রস্তাব গ্রহণ ছাড়াও স্মরণ সভার শুরু তে বুদ্ধদেব ভট্টাচার্য ও আরজি করের নির্যাতিতা র জন্য ১ মিনিট করে নিরবতা পালন হয়। স্মরণ সভায় আরজি করের ঘটনায় বিচার চেয়ে স্লোগান ওঠে।

oooooooooooooooooooooo

আগামীকাল প্রথম জাতীয় মহাকাশ দিবস। এই উপলক্ষে সারাদেশের সঙ্গে এ রাজ্যে ও বিভিন্ন কর্মসূচি পালিত হবে। বিড়লা কারিগরি ও শিল্প সংগ্রহশালায় পক্ষকালব্যাপী প্রদর্শনী , আকাশ চেনার কর্মশালা, তথ্যচিত্র, আলোচনা এরকম নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। গত ৩-৪ দশকে ভারতের মহাকাশ গবেষণা কেন্দ্র ইসরোর অভূতপূর্ব সাফল্য বিশ্ববাসীর নজর কেড়েছে, বললেন,কলকাতার বিড়লা তারামণ্ডলের পূর্বতন অধিকর্তা ডঃ দেবি প্রসাদ দুয়ারী

oooooooooooooooooooooo

২৩- শে আগস্ট জাতীয় মহাকাশ দিবস। এই উপলক্ষে শুনবেন একটি বিশেষ আলোচনা। মহাকাশ বিজ্ঞানী, বর্তমানে ইসরো মুখ্য কার্যালয়ে কর্মরত, স্পেস সায়েন্স প্রোগ্রামের ডিরেক্টর ড : তীর্থ প্রতীম দাসের সঙ্গে কথা বলেছেন সুস্মিতা মন্ডল।

সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে আগামীকাল রাত ৯.৩০ থেকে, গীতাঞ্জলি, ১০৭ প্রচারতরঙ্গ ও ডি টি এইচ পরিষেবায়।

০০০০০০০০০০০০০০০০০০০০

বিশিষ্ট ভাষা গবেষক, ইতিহাসবিদ গোলাম মুরশিদ প্রয়াত। আজ লন্ডনে বাংলা সাহিত্যের এই প্রাবন্ধিকের জীবনাবসান হয়েছে। বয়স হয়েছিল ৮৪ বছর।

মাইকেল মধুসূদন দত্তের জীবন ভিত্তিক গবেষণা গ্রন্থ "আশার ছলনে ভুলি" , সহ বহু গ্রন্থের প্রণেতা মুরশিদ ব্রিটেনের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করেছেন। সাংবাদিকতা করেছেন বি বি সি বাংলায়। বাংলা ভাষা নিয়ে তাঁর জীবনের অন্যতম বিখ্যাত কাজ 'বিবর্তনমূলক বাংলা অভিধান' সম্পাদনা। বাংলাদেশে জন্মালেও মুরশিদের সঙ্গে কোলকাতা তথা বাংলার নিবিড় যোগ ছিল।

০০০০০০০০০০০০০০০০০০০০

মোহনবাগান সুপারজায়ান্ট আগামীকাল ডুরান্ড কাপ ফুটবলের কোয়ার্টার ফাইনাল ম্যাচে পাঞ্জাব এফসির বিরুদ্ধে খেলবে। জামশেদপুরের জে আর ডি টাটা স্পোর্টস কমপ্লেক্সে খেলা শুরু হবে বিকেল চারটেয়। অপর কোয়ার্টার ফাইনালে ব্যাঙ্গালুরু এফসি, কেরালা ব্লাস্টার্স এফসির মুখোমুখি হবে। যুবভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়।

এদিকে, ডুরান্ড কাপ ফুটবলে নর্থ ইস্ট ইউনাইটেড ও শিলং লাজং এফসির মধ্যে প্রথম সেমিফাইনাল ম্যাচটি কলকাতার যুবভারতী ক্রীড়াঙ্গনে হচ্ছে না। এই ম্যাচটি হবে শিলংয়ে। ডুরান্ড কাপের সংগঠকদের তরফে জানানো হয়েছে, দুটি পাহাড়ের দল সেমিফাইনালে মুখোমুখি হতে চলেছে তাই সেখানকার দর্শকদের আবেদনে সাড়া দিয়ে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ২৫ শে আগস্টের পরিবর্তে প্রথম সেমিফাইনাল হবে ২৬ শে আগস্ট। দ্বিতীয় সেমিফাইনাল ও ফাইনালের সূচি অপরিবর্তিত রয়েছে। ২৭ শে

আগস্ট ডুরাণ্ডের দ্বিতীয় সেমিফাইনাল ও ৩১ শে আগস্ট ফাইনাল হবে সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে ।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo